রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ/২৭ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নম্বর **৩২১-আইন/২০২৫।**—সরকার The Commissions of Inquiry Act, 1956 (Act No. VI of 1956) এর section 3-এ প্রদত্ত ক্ষমতাবলে, গত ২১ জুলাই ২০২৫ তারিখে উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বাংলাদেশ বিমান বাহিনীর একটি বিমান বিধ্বস্তের মর্মান্তিক ঘটনার প্রেক্ষিত, কারণ, দায়দায়িত্ব ও ক্ষয়ক্ষতি নিরূপণ এবং ঘটনা সংশ্লিষ্ট অপরাপর বিষয় চিহ্নিতকরণের লক্ষ্যে নিম্নরূপে একটি তদন্ত কমিশন গঠন করিল:—

| | | |
|---|---|---|
| ১. | এ কে এম জাফর উল্লা খান, সাবেক সচিব | সভাপতি |
| ২. | এয়ার ভাইস মার্শাল এম সাঈদ হোসাইন (অব:) বিডি/৭৯২২, প্রাক্তন সহকারী বিমান বাহিনী প্রধান (প্রশাসন) | সদস্য |
| ৩. | অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | অতিরিক্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. | কমিশনার, ঢাকা বিভাগ | সদস্য |
| ৭. | অধ্যাপক আদিল মুহাম্মদ খান, নগর পরিকল্পনাবিদ | সদস্য |
| ৮. | মোঃ আশিকুর রহমান, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৯. | ব্যারিস্টার আশরাফ আলি, আইনজীবী | সদস্য। |



মূল্য : টাকা ৪.০০

২। উক্ত তদন্ত কমিশনের কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ২০২৫ সালের ২১ জুলাই উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তের মর্মান্তিক ঘটনার প্রেক্ষিত, কারণ ও দায়দায়িত্ব উদ্‌ঘাটন করা;

(খ) উক্ত ঘটনায় স্কুলের ছাত্র, শিক্ষক ও অন্যান্যদের জীবনহানি ও গুরুতর আহত হওয়ার বিষয়সহ সকল ক্ষয়ক্ষতি নিরূপণ এবং ঘটনা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়সমূহ চিহ্নিত করা;

(গ) বিমানবন্দরের অতি নিকটবর্তী এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ও অপরাপর স্থাপনা নির্মাণ এবং ফ্লাইং জোন এর অবস্থানগত সঠিকতা ও নিরাপদ পরিচালন বিষয়ে সংশ্লিষ্ট আইনগত ও প্রশাসনিক বিষয়গুলো পরীক্ষা করা;

(ঘ) দুর্ঘটনা প্রতিরোধ, প্রশিক্ষণ বিমান উড্ডয়ন, ফ্লাইং জোনে ভবন নির্মাণ ও ভয়াবহ দুর্ঘটনার ক্ষেত্রে জরুরি ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সুপারিশ প্রদান করা;

(ঙ) এ ধরনের মর্মান্তিক ঘটনার পুনরাবৃত্তি এড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপের সুপারিশ প্রদান করা; এবং

(চ) উপরিল্লিখিত উদ্দেশ্যে সংশ্লিষ্ট যে কোনো কার্য সম্পাদন।

৩। তদন্ত কমিশন বাংলাদেশের যে কোনো স্থান পরিদর্শন এবং যে কোনো ব্যক্তিকে কমিশনে তলব ও জিজ্ঞাসাবাদ করিতে পারিবে।

৪। কমিশন, The Commissions of Inquiry Act, 1956 অনুসারে তদন্তকার্য সম্পন্ন করিয়া এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৪ (চার) সপ্তাহের মধ্যে সরকারের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিবে।

৫। কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ তদন্ত কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৬। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd